

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
www.bbs.gov.bd

তারিখ: ০৯ এপ্রিল ২০১৮ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

আগামী ১১-১৩ এপ্রিল ২০১৮ খ্রি. তারিখ SAARCSTAT এর ৯ম সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

আগামী ১১-১৩ এপ্রিল ২০১৮ খ্রি. তারিখ সময়ে ০৩ (তিন) দিন ব্যাপী রাজধানী ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ানে SAARCSTAT এর ৯ম সভা ঢাকায় অনুষ্ঠিত হবে। বিগত ২৮-৩০ আগস্ট ২০১৭ খ্রি. সময়ে ভারতের নয়াদিল্লীতে ৮ম সভার সিদ্ধান্ত অনুযায়ী SAARCSTAT এর ৯ম সভাটি ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত সচিব, জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

সভায় সার্কভুক্ত ৮ টি দেশের মধ্যে আফগানিস্তান ব্যতীত ৭টি দেশ এ সভায় অংশগ্রহণ করছে। সভায় প্রতিনিধিগণের মধ্যে সার্ক সচিবালয় থেকে ৩ জন, ভুটান থেকে ৩ জন, ভারত থেকে ২ জন, মালদ্বীপ থেকে ১ জন, নেপাল থেকে ১ জন, পাকিস্তান থেকে ২ জন, শ্রীলংকা থেকে ৩ জন, বাংলাদেশ থেকে ১৩ জন, উন্নয়ন সহযোগী সংস্থা- Paris 21 থেকে ২ জন এবং RSDA (Regional Strategy for Development of Statistics) থেকে ১ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, এ ৯ম সভায় ভারতের পরিসংখ্যান বিভাগের মহাপরিচালক (ডিজি), মালদ্বীপের চীফ স্ট্যাটিসটিশিয়ান, পাকিস্তান হতে পরিসংখ্যান বিভাগের সচিব উপস্থিত থাকবেন।


আমন্ত্রিত অতিথিগণের রিসিপশন, প্রটোকল, একোমোডেশন ও ফুড যথাযথভাবে নিশ্চিতকল্পে এবং সভাটি সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটিসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সার্কভুক্ত দেশসমূহের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নে SAARCSTAT এর ৯ম সভাটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সভায় সার্কের ৮টি দেশের সমন্বয়ে গঠিত SAARCSTAT কে আরো কার্যকর ও শক্তিশালী করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা হবে। আশা করা হচ্ছে এ সভায় সদস্য দেশসমূহের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে (International Standard) উন্নীতকরণে কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হবে।

Head of SAARC Statistical Organization (SAARCSTAT) এর ৯ম সভার মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'Gender Statistics'। এ সভায় সার্কভুক্ত সদস্য দেশসমূহের SAARC Regional Statistical System Review, Agriculture Statistics, Trade Statistics, Merchandise and Services, Project Concepts, Standard of Health Statistics সহ বিবিধ বিষয়ে আলোচনা করা হবে। এ আলোচনার মাধ্যমে বাংলাদেশের সার্বিক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা আরো উন্নত ও সমৃদ্ধ হবে।

০২। প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচলিত মিডিয়ায়/জাতীয় দৈনিক পত্রিকায়/অনলাইন পত্রিকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

প্রাপক:
সম্পাদক/বার্তা সম্পাদক/নিউজ এডিটর (সকল)
.....
....., ঢাকা।


মো: আমীর হোসেন
মহাপরিচালক
☎ ০২-৯১১২৫৮৯